Registered No. DA-1.

# The Bangladesh Gazette

*Extraordinary*

Published by Authority

TUESDAY, JULY 15, 1980

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

**MINISTRY OF LABOUR AND INDUSTRIAL WELFARE**

**Section IV**

NOTIFICATION

**Dacca, the 12th July, 1980**

**No. S.R.O. 237-L/80/SIV/MWB-10/80/172.**—In exercise of the powers conferred by clause *(a)* of sub-section *(1)* of section 6 of the Minimum Wages Ordinance, 1961 (XXXIX of 1961), the Government is pleased to declare that the rates of minimum wages specified in the schedule below, being the minimum rates of wages recommended by the Minimum Wages Board, Dacca, for various workers employed in the "Printing Press Industries" in Bangladesh, shall be the minimum rates of wages including fringe benefits for such workers with effect on and from the 1st day of July, 1979.

**THE SCHEDULE**

**প্রিন্টিং প্রেস শিল্প প্রতিষ্ঠান**

**সুপারিশ, ১৯৮০।**

১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের অধ্যাদেশ নং (৩৯) বিধান অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ১৯৭৮ সনের ২৯শে ডিসেম্বর "প্রিন্টিং প্রেস" শিল্প·প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের নিম্নতম মজুরী ধার্যক্রমে সরকারী বিজ্ঞপ্তি নং এল. এস. ডব্লিউ ছয়/২(১১)/৭৮/৬৬৮/১(৪) মোতাবেক বোর্ড গঠন করেন এবং এল. আই. ছয়/২(১১)/৭৮/৭৫৩/১(৪)



*Price: 50 Paisa*

মোতাবেক প্রয়োজনীয় তদন্তক্রমে উক্ত শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের নিম্নতম মজুরী ধার্যের সুপারিশ করিবার জন্য বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ডকে নির্দেশ দান করেন।

বোর্ড বাংলাদেশে অবস্থিত ছোট বড় বেশ কিছু সংখ্যক "প্রিন্টিং প্রেস" শিল্প প্রতিষ্ঠান পরিদর্শনক্রমে বিভিন্ন শ্রেণীর শ্রমিকদের কর্মাবস্থা, মজুরী রেজিস্টার, মালিকের মজুরী প্রদানের পদ্ধতি, অর্থনৈতিক অবস্থা, সকল শ্রমিকদের বিশেষ করিয়া "প্রিন্টিং প্রেস" শিল্প প্রতিষ্ঠানের শ্রমিকদের জীবিকা নির্বাহের ব্যয় সমেত আরও কতিপয় বিষয় পর্যবেক্ষণ করেন।

বোর্ড শিল্প প্রতিষ্ঠানের মালিক ও শ্রমিকদের পক্ষ হইতে প্রয়োজনীয় তথ্যাবলী সংগ্রহ ও তদন্তকার্য সম্পন্ন করিয়া ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের (Minimum Wages Ordinance, 1961) ২(৮) ধারা অনুযায়ী Wages বা মজুরীর যে সংগা দেওয়া হইয়াছে সেই সংগা ও ব্যাখ্যা অনুসারে "খ" পরিচ্ছেদে বর্ণিত বিভিন্ন গ্রেডের শ্রমিকদের জন্য প্রান্তিক ভাতা (Fringe Benefits) সহ নিম্নতম মজুরী সুপারিশ করিলেন।

পরিস্থিতির যথাযথ গুরুত্ব উপলব্ধি করিয়া এবং সমগ্র বিষয়াদি বিস্তারিত আলোচনার মাধ্যমে অন্যান্য উপাত্ত বিষয়াদি ও পুংখানুপুংখরূপে বিবেচনার পরেই বোর্ড ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশ ৫ ধারা অনুসারে সরকারের নিকট নিম্নলিখিত সুপারিশ পেশ করিতেছেন:—

১। বাংলাদেশে অবস্থিত প্রিন্টিং প্রেস শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের জানামত পদ বা কাজসমূহকে তাহাদের কাজের প্রকৃতি, প্রশিক্ষণের তারতম্য, জ্ঞান, অভিজ্ঞতা, দক্ষতা, যোগ্যতা, শারীরিক মেহনত ও কাজের ঝুকি ইত্যাদি বিবেচনাক্রমে (১) প্রথম গ্রেড, (২) দ্বিতীয় গ্রেড, (৩) তৃতীয় গ্রেড, (৪) চতুর্থ গ্রেড, (৫) পঞ্চম গ্রেড, (৬) ষষ্ঠ গ্রেড এই ছয় শ্রেণীতে গ্রেডভুক্ত করা হউক যাহা তৎসহ "ক" পরিচ্ছেদে বলা হইয়াছে।

২। এখন হইতে শিল্প প্রতিষ্ঠানের মালিক "ক" পরিচ্ছেদে উল্লিখিত শ্রমিকদের পদবিন্যাস অনুযায়ী যথাযথভাবে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিষ্টারভুক্ত করিবেন এবং প্রয়োজনবোধে মজুরী স্লিপ প্রদান করিবেন।

৩। যদি কোন কারণে কোন পদ "ক" পরিচ্ছেদে উল্লিখিত না হয় তবে উক্ত শিল্প প্রতিষ্ঠানের মালিক অবশ্যই উক্ত পদ বা কাজের শ্রেণী নির্ধারণকরতঃ এতদসংগে গ্রথিত "খ" পরিচ্ছেদে উল্লিখিত নিম্নতম মজুরী প্রদান করিবেন এবং অনতিবিলম্বে এই সংশোধনের বিষয় নিম্নতম মজুরী বোর্ডের চেয়ারম্যানকে জানাইবেন।

৪। যদি কোন শিল্প প্রতিষ্ঠানে কোন শ্রমিক কন্ট্রাক্টরের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকেন তবে সেই শ্রমিকও ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ২(৯) ধারা অনুযায়ী শ্রমিক বলিয়া গণ্য হইবেন এবং উক্ত নিয়োগকারী কন্ট্রাক্টরও মালিকের ন্যায় উল্লিখিত ৩ নং সুপারিশ মোতাবেক কার্য্য করিবেন।

৫। শিল্প প্রতিষ্ঠানের মালিক তাহাদের বিভিন্ন পদে নিয়োজিত শ্রমিকদের (যাহা "ক" পরিচ্ছেদে বলা হইয়াছে) "খ" পরিচ্ছেদে নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম দিতে পারিবেন না।

৬। নির্ধারিত নিম্নতম মজুরী যাহা "খ" পরিচ্ছেদে বলা হইয়াছে তাহা সর্বোচ্চ মজুরী হিসাবে গণ্য হইবে না এবং বর্তমানে নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কোথাও যদি অধিকহারে মজুরী দেওয়া হইয়া থাকে তবে তাহা হ্রাস করা যাইবে না। অবশ্য নিয়োগকর্তা/মালিক পক্ষ ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগে এককভাবে বা যৌথভাবে অধিকতর যোগ্যতাসম্পন্ন শ্রমিক কোন বিশেষ এলাকার জীবন যাত্রার মান, ব্যয়, ঝুকি বা অপর কোন কারণে উচ্চহারে মজুরী প্রদান করিতে পারিবেন।

৭। যদি কোন শিল্প প্রতিষ্ঠানের মালিক শ্রমিকদের ফুরন ভিত্তিক মজুরী দিয়া থাকেন তবে তাহাকে এই সুপারিশ মোতাবেক তাহাদের মজুরীর এইরূপে হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণীভুক্ত শ্রমিকদের (যাহা "ক" পরিচ্ছেদে বলা হইয়াছে) জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম না হয়।

৮। প্রদত্ত নিম্নতম মজুরী ১লা জুলাই, ১৯৭৯ হইতে কার্যকরী হইবে।

স্বাঃ (আবদুর রাজ্জাক)
চেয়ারম্যান।

স্বাঃ (সিরাজুল ইসলাম)
নির্দলীয় সদস্য।

স্বাঃ (গোলাম মোর্তুজা)
মালিক পক্ষের সদস্য।
১৯-৬-১৯৮০।

শ্রমিক পক্ষের সদস্য।
স্বাঃ (মোখলেছুর রহমান)

শ্রমিক পক্ষের সদস্য।
স্বাঃ (খন্দকার জামাল উদ্দিন)
১৯-৬-১৯৮০।

## "ক" পরিচ্ছেদ

## শ্রমিক শ্রেণী বিভাগ

১। **প্রথম গ্রেড:**
- ১। সিনিয়র অফসেট অপারেটর, সিনিয়র হিসাব রক্ষক।

২। **দ্বিতীয় গ্রেড:**
- ১। জুনিয়র অফসেট অপারেটর।
- ২। সিনিয়র লাইনো অপারেটর।
- ৩। সিনিয়র মনো অপারেটর।
- ৪। সিনিয়র ক্যামেরাম্যান।
- ৫। সিনিয়র রিটাচার।
- ৬। সিনিয়র ফোরম্যান।

৩। **তৃতীয় গ্রেড:**
- ১। জুনিয়র লাইনো অপারেটর।
- ২। অফসেট সহকারী।
- ৩। জুনিয়র রিটাচার।
- ৪। জুনিয়র ক্যামেরাম্যান।
- ৫। জুনিয়র ফোরম্যান।
- ৬। সিনিয়র মনো কাষ্টার।
- ৭। সিনিয়র কম্পোজিটর।

৮। হেড মেশিনম্যান।

৯। অটোমেটিক মেশিনম্যান।

১০। সিনিয়র ব্লক মেকার।

১১। সিনিয়র প্লেট মেকার।

১২। সিনিয়র প্রুফ রীডার।

১৩। সিনিয়র টাইপিস্ট-কাম-ক্লার্ক।

১৪। সিনিয়র হাফটোন এচার।

১৫। সিনিয়র লাইনো এচার।

১৬। কারমো মেশিনম্যান।

১৭। লিথো মেশিন অপারেটর।

১৮। লিথো আর্টিস্ট।

১৯। গ্রুরিং মেশিনম্যান।

৪। **চতুর্থ গ্রেড:**

১। জুনিয়র মনো অপারেটর।

২। জুনিয়র কাষ্টার।

৩। জুনিয়র কম্পোজিটর।

৪। ফ্লাট মেশিনম্যান।

৫। জুনিয়র প্লেট মেকার।

৬। জুনিয়র ব্লক মেকার।

৭। জুনিয়র প্রুফ রীডার, জুনিয়র টাইপিস্ট-কাম-ক্লার্ক।

৮। সিনিয়র টাচার।

৯। সিনিয়র বাইন্ডার্স।

১০। লাইনো বারম্যান।

১১। সিনিয়র টেডল।

১২। লিথো মেশিনম্যান সহকারী।

১৩। সহকারী কারমো।

১৪। গ্রুরিং সহকারী মেশিনম্যান।

১৫। গ্রাইন্ডিং।

৫। **পঞ্চম গ্রেড:**

১। সহকারী কম্পোজিটর।

২। মেশিনম্যান সহকারী।

৩। জুনিয়র টাচার।

৪। জুনিয়র বাইন্ডারর্স।

৫। সিনিয়র প্রুফ বয়।

৬। ড্রাইভার।

৬। ষষ্ঠ গ্রেডঃ

পিয়ন, দারোয়ান, সহকারী ট্রেডস মেশিনম্যান, ইংকম্যান, প্রুফ বয় ও ঝাড়ুদার।

"খ" পরিচ্ছেদ

মাসিক নিম্নতম মজুরী

| | | |
|---|---|---|
| ১। প্রথম গ্রেড | ... | ৭৮০ টাকা |
| ২। দ্বিতীয় গ্রেড | ... | ৭০৫ ,, |
| ৩। তৃতীয় গ্রেড | ... | ৬৩০ ,, |
| ৪। চতুর্থ গ্রেড | ... | ৫৫৫ ,, |
| ৫। পঞ্চম গ্রেড | ... | ৪৮০ ,, |
| ৬। ষষ্ঠ গ্রেড | ... | ৪০০ ,, |

(কার্যকাল ফ্যাক্টরী আইনে নিয়ন্ত্রিত হইবে)

By order of the President

S. H. CHOUDHURY
*Deputy Secretary.*

---

## MINISTRY OF LOCAL GOVERNMENT, RURAL DEVELOPMENT AND CO-OPERATIVES

### Section XIV

NOTIFICATION

**Dacca, the 15th July, 1980**

**No. S-XIV/E-4/80/218.**—Government is pleased to constitute a Committee comprising of the following persons to examine the issue of determining a suitable administrative structure and status for Integrated Rural Development Programme and to submit recommendations for Government by the 27th July 1980 :

(i) Mr K. A. Zaman, Director, BARD, Comilla—*Chairman.*

*Members.*

(ii) Mr Khaled Shams, Director, GOTA, Dacca.

(iii) Mr Ghulam Hossain, Deputy Secretary, Finance Division.

(iv) Mr Irshadul Haque, *ex*-Director, RD-I Project, IRDP.

(v) Mr Anwaruzzaman Khan, Director, BADC.

(vi) Mr S. K. Das, Deputy Secretary (O.M.), Establishment Division.

(vii) Mr A.K.M. Salamatullah, Deputy Secretary, Ministry of Local Government, Rural Development and Co-operatives—*Member-Secretary.*

2. The Committee will start functioning from the 17th July 1980 and will submit specific recommendations to the Government within 10 days.

3. The Terms of Reference of the Committee shall be as follows :—

(i) to consult the original relevant papers and P.P. leading to the formation of East Pakistan Rural Development Board and sanction of necessary funds for implementation of IRDP;

(ii) to examine the Government Resolution of 1974 declaring IRDP as a Government Programme under the direct administrative control and supervision of the Ministry of Local Government, Rural Development and Co-operatives;

(iii) to examine all the past studies and recommendations on the objectives, philosophy, working procedure and status of IRDP;

(iv) to consult various persons—officials and non-officials—who may be considered capable of contributing meaningfully on the status and administrative structure of IRDP in the light of the objectives and philosophy of IRDP, its working procedure and suitability for the execution of the programme;

(v) to recommend viable distribution of officer and staff between H. Q. office and the field organisations, *i.e.*, the implementation level.

By order of the President

N. A. KHAN
*Joint Secretary.*

Printed by the Officer-in-charge, Bangladesh Government Press, Dacca.
Published by the Assistant Controller-in-charge, Bangladesh Forms & Publications Office, Dacca